

DEC, 19 অক্টোবর, 2020 থেকে নিউ ইয়র্কে প্লাস্টিকের ব্যাগের নিষিদ্ধতা কার্যকর হওয়ার ঘোষণা করেছে

### রাজ্য নিউইয়র্কবাসীদের BYOBagNY-এর জন্য উৎসাহিত করে

নিউইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation, DEC)-এর কমিশনার Basil Seggos আজ ঘোষণা করেন যে DEC, একবার-ব্যবহারযোগ্য প্লাস্টিক ক্যারিআউট ব্যাগের উপর নিষিদ্ধতা বলবত করা শুরু করবে 19 অক্টোবর, 2020 থেকে। প্লাস্টিক ব্যাগের নিষিদ্ধতা, যা কার্যকর হয়েছিল 1 মার্চে, তা নিউ ইয়র্কের সর্বোচ্চ ন্যায়ালয়ে, Poly-Pak Industries, Inc., et al,-এর দ্বারা দায়ের করা একটি আইনি মামলার পক্ষগণের মধ্যে একটি চুক্তি অনুসারে বলবত করা হয়নি।

DEC কমিশনার, Seggos বলেন, আদালতের রায় হল একটি বিজয় এবং একবার-ব্যবহারযোগ্য প্লাস্টিক ব্যাগের অভিযানের সমাপ্তি ঘটানোর জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রচেষ্টার প্রতি সমর্থন এবং প্লাস্টিক ব্যাগ প্রস্তুতকারীদের প্রতি একটি প্রত্যক্ষ তিরস্কার যাঁরা আইনকে স্তব্ধ করার এবং সেটি বাস্তবায়িত করার উদ্দেশ্যে DEC-এর বিধিগুলিকে অগ্রাহ্য করার চেষ্টা করেছিলেন। বহু মাস যাবত আমরা যা করে আসছি, DEC নিউ ইয়র্কবাসীদের, যখনই এবং যেখানেই তাঁরা কেনাকাটা করবেন, তাঁদের পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগগুলিতে বদল করার এবং পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগগুলিকে পরিষ্কার রাখার জন্য সাধারণ জ্ঞান ব্যবহার করার জন্য উৎসাহিত করছে। আদালত আদেশ প্রদান করেছে এবং DEC 19 অক্টোবর থেকে নিষিদ্ধতাটি বলবত করবে। এখন সময় হল BYOBagNY এরা।

Albany County-র নিউ ইয়র্ক স্টেটের সর্বোচ্চ ন্যায়ালয়ের (New York State Supreme Court) একটি আদেশ অনুসারে, DEC বলবতকরণ শুরু করার আগে পক্ষগণ এবং আদালতকে কমপক্ষে 30 দিনের নোটিশ প্রদানের জন্য সম্মত হয়েছিল। DEC বর্তমানে, বলবতকরণ শুরুর বিজ্ঞপ্তি প্রদান করা এবং প্রশ্নের উত্তর দেওয়ার জন্য, মুদ্রা, খুচরো ব্যবসায়ী, এবং অন্যান্যদের অন্তর্ভুক্ত করে স্বার্থবাহীদের মধ্যে ব্যাপক আকারে প্রচার অভিযান চালাচ্ছে।

DEC, এই বছরের শুরুতে চালু হওয়া #BYOBagNY প্রচারের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের, যখনই এবং যেখানেই তাঁরা কেনাকাটা করবেন, তাঁদের পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগগুলি ব্যবহার করার জন্য উৎসাহিত করা প্রচলিত রাখে। প্লাস্টিক ব্যাগের নিষিদ্ধতার ক্ষেত্রে ছাড়গুলির উপর অতিরিক্ত তথ্য, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী, এবং পোস্টার, ফ্লায়ার, এবং ডাউনলোড করার জন্য টিপ স্ট্রিপ ছাড়াও পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগগুলিকে পরিষ্কার রাখার জন্য পরামর্শও [DEC ওয়েবসাইটে উপলব্ধ](#)।

নিউ ইয়র্কবাসীরা, - প্রত্যেকে বছরে প্রায় 12 মিনিটের জন্য করে আনুমানিক 23 বিলিয়ন প্লাস্টিক ব্যাগ ব্যবহার করে থাকেন - এবং এই অবিশ্বাস্যকর মোট পরিমাণের আনুমানিকভাবে 85 শতাংশ জমা হয় ল্যান্ডফিল, রিসাইকেলিং মেশিন, জলাশয়, এবং রাস্তাগুলিতে। মার্চ 2017 তে, Governor Cuomo, DEC-এর কমিশনার Seggos-এর সভাপতিত্বের অধীনে সৃষ্টি করেছিলেন নিউ ইয়র্ক স্টেট প্লাস্টিক ব্যাগ টাস্ক ফোর্স (New York State Plastic Bag Task Force)এরা টাস্ক ফোর্সটি প্লাস্টিক ব্যাগ সংক্রান্ত বর্জ্য নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে একটি সমপ্রকার, সামগ্রিক, এবং ন্যায়সঙ্গত সমাধান উদ্ভাবনার লক্ষ্যে বহুবার মিলিত হয়েছিল। চূড়ান্ত প্রতিবেদনটি একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক ব্যাগের প্রভাবের বিশ্লেষণ করেছিল এবং আইন প্রণয়নের বিকল্প প্রদান করেছিল যেটি একটি রাজ্যব্যাপী সমাধান উদ্ভাবনের ক্ষেত্রে সাহায্য করতে পারবে। অতিরিক্তভাবে, নিউ ইয়র্ক স্টেট প্লাস্টিক ব্যাগভিত্তিক বর্জ্য হ্রাস আইন (New York State Plastic Bag Waste Reduction Act) গৃহীত হওয়ার পরে, DEC জনসাধারণের থেকে মতামত আহ্বানের এবং আইনটি বাস্তবায়নের জন্য নিয়ম এবং বিধি নিরূপণের জন্য সংস্থাগুলির প্রতি পথ-নির্দেশের উদ্দেশ্যে রাজ্যব্যাপী শিল্পটির ক্ষেত্রে স্বার্থবাহীদের সঙ্গে আলোচনার একটি শৃঙ্খলায় অংশগ্রহণ করেছিল।

প্লাস্টিক ব্যাগের নিষিদ্ধতা, পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগের সম্পর্কে আরও তথ্যের জন্য বা একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক ক্যারিআউট ব্যাগ ব্যবহারকারী সত্তাগুলির সম্পর্কে অভিযোগ জানানোর জন্য, [DEC's website](#) দেখুন, [plasticbags@dec.ny.gov](mailto:plasticbags@dec.ny.gov)-তে ইমেল করুন, অথবা (518) 402-8706 নম্বরে ফোন করুন।

নিউ ইয়র্ক সর্বোচ্চ ন্যায়ালয়ে, আইনি মামলাটি দায়ের করা হয়েছিল, Poly-Pak Industries, Inc., Green Earth Food Corp., Francisco Marte, Mike Hassen, এবং Bodega and Small Business Association এর দ্বারা। আইনি মামলাটিতে DEC-এর প্রতিনিধিত্ব করেছিল নিউ ইয়র্ক রাজ্যের অ্যাটর্নি জেনারেলের কার্যালয় (New York State Attorney General's Office)। আদালত মামলাটিতে তাঁর রায় দান করেছিলেন 20 অগাস্ট, 2020 তারিখে।

<https://www.dec.ny.gov/press/press.html>